

জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা।


নথি নং- ০৮.০১.০০০০.০৭৫.০৩.০১৫.২০১৯/৬৬

তারিখ : ০৬/০৫/২০২১ খ্রিঃ।

বিষয় : ১৩ ডিজিটের BIN বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আদিষ্ট হয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন মুসক নিবন্ধন সনদপত্র বা ব্যবসায় সনাক্তকরণ নম্বর (BIN) ১৩ ডিজিট সম্পন্ন। এক্ষেত্রে ইতোপূর্বে ৯ ডিজিট কিংবা ১১ ডিজিট BIN গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের ১৩ ডিজিটের BIN গ্রহণ করা বাধ্যতামূলক। বর্তমানে ১৩ ডিজিট ব্যতীত ৯ ডিজিট কিংবা ১১ ডিজিট BIN ব্যবহার করে আমদানি রপ্তানি বা ব্যবসায় কার্যক্রম পরিচালনা করা বৈধ নয়। কিন্তু জাতীয় রাজস্ব বোর্ড বিভিন্ন মাধ্যমে অবগত হয়েছে যে, অনেক প্রতিষ্ঠান এখনও ১৩ ডিজিটের BIN সংগ্রহ না করে ৯ ডিজিট কিংবা ১১ ডিজিট BIN ব্যবহার ব্যবসায় কার্যক্রম পরিচালনা করছেন। বিশেষ করে ৯ ডিজিট কিংবা ১১ ডিজিট BIN ব্যবহার করে দাখিলপত্র দাখিল (ম্যানুয়ালি) করা হচ্ছে যা মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ গ্রহণ করছেন বলে জানা যায়।

০২। এমতাবস্থায়, যে সকল প্রতিষ্ঠান ৯ কিংবা ১১ ডিজিটের BIN ব্যবহার করে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করছে তাদের ১৩ ডিজিটের BIN প্রদানসহ কি পদক্ষেপ নেয়া হয়েছে তা আগামী ১৫ দিনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


[এম এম কবিরুল ইসলাম]
দ্বিতীয় সচিব
মুসক-মনিটরিং, পরিসংখ্যান ও সমন্বয়

প্রাপক :

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/ পশ্চিম), চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট, রাজশাহী, রংপুর, খুলনা, যশোর, বৃহৎ করদাতা ইউনিট (মুসক) ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৭৫.০৩.০১৫.২০১৯

তারিখ : ০৬/০৫/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা ঢাকা।